অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/14/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর HOCHUL (হোকল) পরিষ্কার পানি নিরাপদ রাখার, জলবায়ুর দৃঢ়তা বাড়ানর এবং নিউ ইয়র্কের প্রাকৃতিক রিসোর্স রক্ষা করার চেষ্টা ঘোষণা করলেন

স্টেট অফ দ্য স্টেট পরিষ্কার পানির জন্য 500 মিলিয়ন মার্কিন ডলারের প্রস্তাব করেছে, যার ফলে স্টেটের বিনিয়োগ হবে রেকর্ড 6 বিলিয়ন মার্কিন ডলার এবং নিউ ইয়র্কের পরিবারগুলির জন্য পানির বিল কমবে

বাসা, ব্যবসা ও ইনফ্রাস্ট্রাকচারকে চরম আবহাওয়া থেকে বাঁচাতে নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য পলিসি অগ্রসর করে

ক্লিনআপ দ্রুত করতে এবং দূষিত সাইটগুলিকে নতুন উদ্দেশ্যে উৎপাদনশীলভাবে ব্যবহারের জন্য স্টেটের সুপারফান্ড প্রোগ্রামকে আবার অনুমোদন দেয়

জমি সংরক্ষণের তহবিল দেয় এবং পার্ক ও সবুজ স্থানের অ্যাক্সেস বাড়াতে, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিগুলিতে অ্যাক্সেস বাড়াতে প্রক্রিয়া আধুনিক করে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে তার 2025 স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে 500 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হবে, যার ফলে স্টেটের বিনিয়োগ হবে রেকর্ড 6 বিলিয়ন মার্কিন ডলার। এই প্রতিশ্রুতিটি হলো পুরো স্টেটে খাওয়ার পানি রক্ষা করার এবং পরিবেশের সাস্টেনিবিলিটি নিয়ে কাজ করার বৃত্তর ভিশনের একটি অংশ। গভর্নর Hochul-এর (হোকল) এজেন্ডাতে এছাড়াও আছে চরম আবহাওয়ার মুখোমুখি হয়ে জলবায়ুর সহ্যশক্তি বাড়ানোর এবং সবুজ স্থানের অ্যাক্সেস, বিশেষ করে সুবিধাবঞ্চিত আর্বান এলাকায় অ্যাক্সেস বাড়ানোর উদ্যোগ। এই চেষ্টাগুলি শুধু চাকরি তৈরির এবং পরিবেশের মাণ উন্নত করার প্রতিজ্ঞা করে না, বরং এছাড়াও এগুলি সকল নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর, আরো সাস্টেনেবল ভবিষ্যতের ভিত্তি স্থাপন করে দেয়।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য আরো স্বাস্থ্যকর, আরো সাস্টেনেবল, এবং আরো দৃঢ় ভবিষ্যৎ গঠন করতে গভর্নর হিসেবে আমি অঙ্গীকারবদ্ধ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "পরিষ্কার পানি, সবুজ ইনফ্রাস্ট্রাকচার, এবং দৃঢ়তায় বিনিয়োগ করার মাধ্যমে আমরা আমাদের কমিউনিটিগুলিকে রক্ষা করছি, চাকরি তৈরি করছি, এবং জলবায়ুর পরিবর্তনের সমাধান করছি। এই চেষ্টা গুলি আরো মজবুত, আরো সমতার একটি ভবিষ্যৎ গঠনের ভিত্তি স্থাপন করে দেয়, যেখানে পরিবেশের সাস্টেনেবিলিটি এবং কমিউনিটির কল্যাণ একসাথে সম্ভব হয়।"

আমাদের পানির ইনফ্রাস্ট্রাকচারে বিনিয়োগ

গভর্নর Hochul (হোকল) জনস্বাস্থ্য রক্ষা করার, পরিবেশ সম্পর্কিত সমস্যার সমাধান করার, এবং সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে পরিষ্কার খাওয়ার পানি থাকে তা নিশ্চিত করার জরুরি প্রয়োজন বুঝতে পারেন। এটি নিশ্চিত করার জন্য মিউনিসিপ্যালিটিগুলিকে ধারাবাহিক বিনিয়োগ দিয়ে সাহায্য করা অতি গুরুত্বপূর্ণ যাতে তারা নিজেদের অতি গুরুত্বপূর্ণ খাওয়ার পানি ও সিউয়ার ইন্‌ফ্রাস্ট্রাকচারের চাহিদা পূরণ করতে পারে।

গভর্নর Hochul (হোকল) খাওয়ার পানির ইনফ্রাস্ট্রাকচার রক্ষা করার জন্য অতি গুরুত্বপূর্ণ উদ্যোগের প্রস্তাব করছেন।

- **500 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করা** যাতে পানির বিল কমানো যায়, বন্যার মোকাবেলা করা যায়, ওয়াটারওয়ে পুনঃস্থাপন করা যায়, এবং দুর্বল জনসংখ্যাকে, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটির শিশুদের রক্ষা করার জন্য লেড সার্ভিস লাইন বদলে দেওয়া যায়।
- **একটি পাইলট প্রোগ্রাম শুরু করা** যা বেসরকারি কুয়ার মালিকদের আর্থিক সহায়তা দিবে যাতে তারা উদীয়মান দূষকের কারণে ক্ষতিগ্রস্ত কুয়ার পরীক্ষা ও শুদ্ধ করতে পারে।
- **একটি নতুন অনুদান প্রোগ্রাম তৈরি করা** যার মূল উদ্দেশ্য পানি ও বর্জ্যপানি সিস্টেমেরে খাতের সাইবারসিকিউরিটির পরিপক্কতা জোরদার করা যাতে স্থানীয় সরকারের পানি ও বর্জ্যপানির সিস্টেমে কারিগরি সহায়তা ও তহবিল দেওয়া যায় যাতে তারা কার্যকরভাবে নিজেদের সাইবারসিকিউরিটির অবস্থা যাচাই করতে পারে, একটি সাইবারসিকিউরিটি পরিকল্পনা তৈরি করতে পারে, এবং নিজেদের সাইবারসিকিউরিটির দৃঢ়তা উন্নত করতে পারে।
- ডিপার্টমেন্ট অফ হেলথ (Department of Health), ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC), এবং ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসকে (Department of Public Service) **নির্দেশ দেওয়া** যাতে তারা আমাদের পানি ও বর্জ্যপানির সেবার নির্ভরযোগ্যতা এবং নিরাপত্তা রক্ষা করতে ও পানি ও বর্জ্যপানির ইউটিলিটিগুলির জন্য মিনিমাম সাইবারসিকিউরিটি স্ট্যান্ডার্ডের খসড়া তৈরি শুরু করতে পারে।

চরম আবহাওয়ার ক্ষেত্রে নিউ ইয়র্কবাসীদের জন্য দৃঢ়তা ও নিরাপত্তা বাড়ানো

ভারী বৃষ্টিপাত, বন্যা, চরম আবহাওয়া, প্রচণ্ড গরম ও মারাত্মক ঠাণ্ডার আক্রমণের পর, আরো দৃঢ় কমিউনিটি গঠন করা এবং জলবায়ু পরিবর্তনের প্রভাবের সাথে খাপ খাইতে নেওয়া চালিয়ে যেতে নিউ ইয়র্কের জন্য গভর্নর Hochul (হোকল) একাধিক পদক্ষেপের প্রস্তাব করেছেন।

- **রেজিলিয়েন্ট এবং রেডি প্রোগ্রামগুলি বাড়ানো এবং জোরদার করা** চরম আবহাওয়ার ইভেন্ট নিউ ইয়র্কের বাড়ির মালিকদেরর জন্য জরুরি মেরামত ও দীর্ঘমেয়াদি দৃঢ়তা ব্যবস্থা নেওয়ার প্রয়োজন তৈরি করছে। গভর্নর Hochul (হোকল) Rapid Response Home Repair প্রোগ্রাম এবং Resilient Retrofits প্রোগ্রামের জন্য তহবিল বাড়াবেন যা 1,300-এর বেশি বাড়ির মালিককে পুনরুদ্ধার পেতে এবং ভবিষ্যতের দুর্যোগের জন্য প্রস্তুত হতে সাহায্য করার জন্য অতি গুরুত্বপূর্ণ সহায়তা দিয়েছে।

- **দুর্যোগের পর পুনরুদ্ধার পেতে ব্যবসাকে সাহায্য করা** গভর্নর Hochul (হোকল) Jobs Retention Tax Credit প্রোগ্রাম আধুনিক করার প্রস্তাব দিয়েছেন যাতে দুর্যোগ কবলিত এলাকার ব্যবসাগুলিকে আরো ভালোভাবে সমর্থন করা যায়। আপডেটেড প্রোগ্রামটি যোগ্যতার সীমা কমিয়ে দিবে যাতে 10 বা তার বেশি কর্মচারীসহ ব্যবসাগুলিকে যোগ করা যেতে পারে, যার ফলে প্রথমবারের মতো ক্ষুদ্র ব্যবসাগুলি অংশগ্রহণ করতে পারবে। গভর্নরের এক্সপ্যানশনটি এছাড়াও ইন্ডাস্ট্রি-নির্দিষ্ট সীমাবদ্ধতা দূর করবে, যার ফলে একটি ইমার্জেন্সি ইভেন্টের পর প্রভাবিত সকল ব্যবসা সমর্থন চাইতে পারে।
- **নিউ ইয়র্কের ইনফ্রাস্ট্রাকচারকে সুরক্ষা দেওয়া** রূপান্তরমূলক প্রোজেক্টে 60 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেওয়া 2024 সালের Green Resiliency Grant (GRG) প্রোগ্রামের সাফল্যের উপর ভিত্তি করে গভর্নর Hochul (হোকল) Environmental Bond Act তহবিল দিয়ে GRG প্রোগ্রামকে চালিয়ে যাওয়ার প্রস্তাব করেছেন। এই রাউন্ডে এমন প্রোজেক্টকে অগ্রাধিকার দেওয়া হবে যারা উল্লেখযোগ্যভাবে ঝুঁকি কমাবে, যেমন ছিদ্রযুক্ত পেভমেন্ট, বৃষ্টি বাগান, এবং ঝড়ের পানি ধরে রাখার ব্যবস্থা, যা কমিউনিটিগুলিকে আরো সবুজ, আরো দৃঢ় ইনফ্রাস্ট্রাকচার গঠন করতে সাহায্য করবে।
- **উপকূলীয় দৃঢ়তায় বিনিয়োগ** নিউ ইয়র্কের উপকূলরেখাগুলি চরম আবহাওয়ার কারণে বাড়তে থাকা ঝুঁকির মুখোমুখি হচ্ছে, যা কমিউনিটি এবং অর্থনীতিকে হুমকির সম্মুখীন করছে। গভর্নর Hochul (হোকল) একটি নতুন ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State) অনুদান প্রোগ্রাম শুরু করবেন যা জীবন্ত উপকূলরেখার মতো প্রাকৃতিক সমাধান এবং ইকোসিস্টেমের উন্নয়নকে সমর্থন করবে। পাশাপাশি, লোক্যাল ওয়াটারফ্রন্ট রিভাইটালাইজেশন প্ল্যানগুলিতে (Local Waterfront Revitalization Plans, LWRPs) সনাক্ত করা প্রোজেক্টের জন্য বাড়তি তহবিল বন্যার ঝুঁকি সমাধান করতে এবং সাস্টেনিবিলিটি বাড়াতে সাহায্য করবে, পুরো স্টেটে আরো দৃঢ় ওয়াটারফ্রন্ট তৈরি করবে।

লিগেসি দূষণের সমাধান করতে স্টেটের সুপারফান্ড প্রোগ্রামকে আধুনিক করা

গভর্নর Hochul (হোকল) স্টেটের সুপারফান্ড (Superfund) প্রোগ্রামকে নতুন করে অনুমোদিত করতে এবং আধুনিক করতে একটি পরিকল্পনা ঘোষণা করবেন যেখানে ক্লিনআপ দ্রুত করার এবং দূষিত সাইটকে নতুন উদ্দেশ্য উৎপাদনশীলভাবে ব্যবহার, যেমন ম্যানুফ্যাকচারিং, ক্লিন এনার্জি, হাউজিং, এবং কমিউনিটি রিডেভেলপমেন্টে ব্যবহার করার নতুন টুল থাকবে।

40 বছরের বেশি সময় ধরে নিউ ইয়র্কের সুপারফান্ড প্রোগ্রামটি বিপজ্জনক বর্জ্য সাইট পরিষ্কার করা এবং কমিউনিটিকে সুরক্ষা দেওয়ার জন্য অতি গুরুত্বপূর্ণ হয়ে আছে। তবে, PFAS-এর মতো উদীয়মান দূষক এবং ডেভেলপমেন্টের অগ্রাধিকার বদলে যাওয়ার কারণে আপডেট প্রয়োজন যাতে প্রোগ্রামের কার্যকর থাকা নিশ্চিত করা যায়। এইসব চ্যালেঞ্জের সমাধান করার জন্য আপডেটেড আইনটি এমন সাইটকে অগ্রাধিকার দিবে যা সবথেকে বেশি জনস্বাস্থ্য ঝুঁকি তৈরি করে, বিশেষ করে এমন সুবিধাবঞ্চিত কমিউনিটিতে যারা অনেক বেশি অনুপাতে দূষণের শিকার হয়েছে।

সকল নিউ ইয়র্কবাসীর জন্য সবুজ স্থানের অ্যাক্সেস বাড়ানো

গভর্নর Hochul (হোকল) পার্ক এবং খোলা স্থান তৈরি করা এবং সংরক্ষণ করাকে অগ্রাধিকার দিয়েছেন, বিশেষ করে আর্বান এবং সুবিধাবঞ্চিত এলাকায়। মহান অ্যাডিরন্ড্যাক হাই পিকস (Adirondack High Peaks) থেকে শুরু করে মহিমা জাগানো নায়াগ্রা ফলস (Niagara Falls) পর্যন্ত নিউ ইয়র্কে অসাধারণ সব বিনোদন এবং আউটডোর সুযোগ আছে। তবে, অনেক কমিউনিটি, বিশেষ করে সুবিধাবঞ্চিত কমিউনিটিতে এমন সবুজ স্থানের অভাব আছে যা উল্লেখযোগ্য মানসিক স্বাস্থ্য ও সুস্থতার সুবিধা দিয়ে থাকে।

গভর্নর জমি সংরক্ষণের জন্য তহবিল দিবেন যাতে খোলা স্থান, ফার্মল্যান্ডকে রক্ষা করা যায়, এবং অ্যাক্সেসিবিলিটি উন্নত করা যায়। সরল প্রক্রিয়ার প্রয়োজন সনাক্ত করতে পেরে গভর্নর এছাড়াও একাধিক মুখ্য উদ্যোগের পক্ষে কাজ করছেন:

- জমির দখল নেওয়া দ্রুত করার জন্য টাইটেল ইন্স্যুরেন্স ব্যবহার করাকে আধুনিক করা
- ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনকে স্বাধীনভাবে কনজার্ভেশন ইজমেন্ট জোগাড় করার কর্তৃত্ব দেওয়া; এবং
- ননপ্রফিট অর্গানাইজেশনগুলি তাদের জমি সংরক্ষণ চেষ্টায় যেসব আর্থিক বাঁধার সম্মুখীন হয় তা কমিয়ে দেওয়া

এই পরিবর্তন এবং বিনিয়োগগুলি আগামী জেনারেশনের জন্য আরো কার্যকরভাবে আমাদের প্রাকৃতিক হেরিটেজ রক্ষা করার ক্ষমতা স্টেটকে দিবে।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের (Environmental Facilities Corporation, EFC) প্রেসিডেন্ট এবং CEO Maureen A. Coleman (মরিন এ কোলম্যান) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) পরিষ্কার পানির এজেন্ডা কমিউনিটিগুলিকে নিউ ইয়র্কের সবথেকে জরুরি পানির ইনফ্রাস্ট্রাকচার চাহিদা পূরণ করতে সাহায্য করছে, এটি করা হচ্ছে অতি গুরুত্বপূর্ণ প্রোজেক্টের কাজ শুরু করার জন্য প্রয়োজনীয় কৌশলী উদ্যোগ এবং আর্থিক রিসোর্স দেওয়ার মাধ্যমে। নতুন সাইবারসিকিউরিটি অনুদান প্রোগ্রামটি বাড়তে থাকা সাইবার হুমকি, যা অতি গুরুত্বপূর্ণ সেবা বিঘ্নিত করে দিতে পারে এবং প্রভাবিত কমিউনিটিতে উল্লেখযোগ্য খরচের কারণ হতে পারে, তার থেকে পানি খাতের আইটি ইনফ্রাস্ট্রাকচার নিরাপদ রাখতে সাহায্য করবে। পানির ইন্ফ্রাস্ট্রাকচারের জন্য গভর্নরের চলমান 500 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতি নিউ ইয়র্কবাসীদের জনস্বাস্থ্য এবং আমাদের যে প্রচুর প্রাকৃতিক রিসোর্স আছে তা রক্ষা করার জন্য অতি গুরুত্বপূর্ণ, যেমনটি আমরা EFC-এর পানি অনুদান প্রোগ্রামগুলির অনস্বীকার্য ভালো প্রভাব থেকে দেখতে পেরেছি।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল কনজার্ভেশনের অন্তর্বর্তীকালীন কমিশনার Sean Mahar (শন মাহার) বলেন, "কমিউনিটিগুলিকে নিরাপদ রাখতে এবং প্রাকৃতিক রিসোর্স রক্ষা করতে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক প্রতিশ্রুতি ও ঐতিহাসিক বিনিয়োগের কারণে পরিবেশ সুরক্ষা, দৃঢ়তা, এবং সাস্টেনিবিলিটির ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের সমর্থন রেকর্ড পর্যায়ে আছে। দূষণের সমাধান করতে, হ্যাবিটেট হারানো কমাতে, এবং আরো নিউ ইয়র্কবাসীকে ঘরের বাইরে যাওয়ার সুযোগের সাথে সংযুক্ত করে দিতে DEC এবং আমাদের বহু পার্টনারের অগ্রসর করা সফল কাজের উপর ভিত্তি করে আজকে ঘোষণা করা গভর্নরের 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের উদ্যোগ এবং বিনিয়োগগুলি স্থানীয় সরকার, কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশন, এবং অন্যান্য স্টেকহোল্ডারদের প্রয়োজনীয় রিসোর্স দিবে

যাতে আগামী বছরগুলিতে স্টেটের পরিবেশ, অর্থনৈতিক, বিনোদন, এবং স্বাস্থ্য লক্ষ্যে পৌঁছাতে সাহায্য করা যায়।"

ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের CEO Rory M. Christian (রোরি এম. ক্রিস্টিয়ান) বলেন, "জনগণের খাওয়ার পানি রক্ষা করা হলো ডিপার্টমেন্টের একটি প্রধান গুরুত্বের বিষয়। জনগণকে সুরক্ষা দিতে এবং আমাদের অতি গুরুত্বপূর্ণ পানির সাপ্লাই টিকিয়ে রাখা, মাণ ধরে রাখা এবং সাশ্রয়ী রাখার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) অবিচল প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি।"

স্টেটের হেলথ কমিশনার Dr. James McDonald (ডাঃ জেমস ম্যাকডোনাল্ড) বলেন, "গভর্নর Hochul (হোকল) স্বাস্থ্য সমতা উন্নত করতে এবং খাওয়ার পানির সুরক্ষা করতে পদক্ষেপ নিচ্ছেন, এটি একটি মৌলিক প্রয়োজন এবং ভালো স্বাস্থ্যের ভিত্তি। এই তহবিলের মাধ্যমে মিউনিসিপ্যালিটিগুলি তাদের পানির ইনফ্রাস্ট্রাকচার উন্নয়নের প্রোজেক্টগুলিকে ব্লুপ্রিন্ট থেকে কাজ শুরু করার অবস্থায় নিতে পারবে যা আগামী বহু বছরের জন্য তাদের কমিউনিটির স্বাস্থ্য নিরাপদ রাখতে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেট পার্কসের (New York State Parks) কমিশনার প্রো টেম্প Randy Simons (র‍্যান্ডি সিমোন্স) বলেন, "প্রতিটি দিন জলবায়ু পরিবর্তনের মন্দ প্রভাব সামাল দেওয়ার এবং মানুষকে তাদের মানসিক ও শারীরিক স্বাস্থ্য উন্নত করার স্থান দেওয়ার প্রয়োজনের কথা নতুন করে মনে করিয়ে দেয়। পুরো স্টেটে পরিবেশের সাস্টেনেবিলিটি ও দৃঢ়তা জোরদার করতে এবং জমি সঙ্কর্ষণ এবং আউটডোর বিনোদনের ব্যাপক অ্যাক্সেসের ক্ষেত্রে নিউ ইয়র্ক স্টেটের লিগেসিকে অগ্রসর করার জন্য গভর্নর Hochul-এর (হোকল) সাহসী ভিশন হলো আমাদের স্টেটের একটি প্রাণবন্ত ভবিষ্যতের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "আমাদের স্টেটের স্বাস্থ্য এবং টিকে থাকার জন্য পরিষ্কার পানি অতি গুরুত্বপূর্ণ পূর্ণ, এবং নিউ ইয়র্কের পানি রক্ষা করতে এবং স্টেটের জলবায়ুর দৃঢ়তা জোরদার করতে গভর্নর Hochul-এর (হোকল) প্রস্তাবনাগুলি আরো সাস্টেনেবল একটি ভবিষ্যতের ব্যাপারে আমাদের অঙ্গীকারকে অগ্রসর করবে। দূষক পরিষ্কার করতে এবং স্টেটের বর্জ্যপানি এবং উপকূলীয় ইনফ্রাস্ট্রাকচার জোরদার করতে বাড়তি তহবিল দেওয়ার প্রতিজ্ঞা করার মাধ্যমে গভর্নর পুনরুদ্ধার ও নবায়নের এমন কৌশলী পন্থাকে সমর্থন করছেন যা আমাদের অর্থনীতিকে আরো শক্তিশালী করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অফ স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি মোসলি) বলেন, "পরিষ্কার পানি ইনফ্রাস্ট্রাকচারে নিউ ইয়র্কের দেশসেরা বিনিয়োগ পুরো স্টেটে পরিবেশগতভাবে, অর্থনৈতিকভাবে এবং সামাজিকভাবে সাস্টেনেবল এবং দৃঢ় কমিউনিটি তৈরি করছে। গভর্নরের 500 মিলিয়ন মার্কিন ডলারের প্রতিশ্রুতিটি এমন রূপান্তরমূলক প্রোজেক্ট অগ্রসর করার কাজ শুরু করবে যা এখন এবং ভবিষ্যতেও জনস্বাস্থ্যকে সমর্থন করবে, কমিউনিটির দৃঢ়তা জোরদার করবে এবং কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য সবুজ চাকরি তৈরি করবে।"

নিউ ইয়র্ক স্টেটের চীফ সাইবার অফিসার Colin Ahern (কলিন অ্যার্ন) বলেন, "গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্ব নিউ ইয়র্ককে জাতীয়ভাবে দৃঢ়তার চেষ্টার সম্মুখসারিতে স্থাপন করেছে। সাইবারসিকিউরিটির মিনিমাম স্ট্যান্ডার্ড এবং একটি নিবেদিত অনুদান প্রোগ্রাম প্রতিষ্ঠা করা অন্যদের অনুসরণ করার মতো একটি শক্তিশালী উদাহরণ স্থাপন করে দিয়েছে। এই উদ্যোগগুলি নিউ ইয়র্কবাসীকে রক্ষা করার জ্ঞান ও রিসোর্স দিয়ে ইউটিলিটিগুলির ক্ষমতা বাড়াবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন